

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 09-01-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) গঙ্গাসাগর মেলা-র আনুষ্ঠানিক উদ্বোধন হবে, আগামীকাল।
 - # মেলা উপলক্ষ্যে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে কলকাতা পুলিশ।
 - # পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন অতিরিক্ত ১২ টি EMU স্পেশাল ট্রেন চালাবে।
 - # বিশেষ বাস পরিষেবা দেওয়ার সিদ্ধান্ত WBTC এবং SBSTC-র।
- ২) উৎসন্ধী বাংলা প্রকল্পে এখনও পর্যন্ত প্রশিক্ষণ প্রাপ্ত ১০ লক্ষ ছাত্রছাত্রী চাকরী পেয়েছে বলে রাজ্য সরকার জানিয়েছে।
- ৩) পুরুলিয়ার সিধো কানহো বিরসা বিশ্ববিদ্যালয়ে একটি জ্যোতির্বিদ্যা পর্যবেক্ষণ কেন্দ্রের উদ্বোধন হয়েছে।
- ৪) কাঁথি সমবায় ব্যাক্সের বোর্ড গঠন সহ নতুন চেয়ারম্যান নির্বাচন নিয়ে তৃণমূল কংগ্রেস আজ বৈঠকে বসছে।
- ৫) প্রবীণ লেখক, সাংবাদিক, চলচ্চিত্র প্রযোজক প্রীতিশ নন্দী প্রয়াত।
- ৬) বিজয় হাজারে ট্রফি ক্রিকেটের প্রি কোয়ার্টার ফাইনালে বাংলা আজ হরিয়ানার বিরুদ্ধে খেলবে।

গঙ্গাসাগর মেলা-র আনুষ্ঠানিক উদ্বোধন হবে, আগামীকাল। তবে সরকারিভাবে গতকালই শুরু হয়েছে সাগর মেলা। সারা দেশের পুণ্যার্থীরা এখন সাগরমুখী।

সর্বত্রই ব্যক্ততা তুঙ্গে। আমাদের জেলা সংবাদাতার একটি প্রতিবেদন।

(ভিসি)

মেলা উপলক্ষে সকল পুন্যার্থীর নিরাপত্তা ও সহায়তার জন্য প্রস্তুত কলকাতা পুলিশ। বাবুঘাটে মেলার ক্যাম্পে পর্যাপ্ত পুলিশ বাহিনী মোতায়েন করা হয়েছে। শহরের বিভিন্ন মোড়গুলিতে থাকছে দিক্ নির্দেশনা। লালবাজার থেকে বিশেষ বার্তায় কলকাতা পুলিশ কমিশনার মনোজ ভার্মা একথা জানিয়েছেন।

(বাইট - মনোজ ভার্মা)

উল্লেখ্য, এবারের পৃণ্যযোগ থাকছে ১৪'ই জানুয়ারী মঙ্গলবার ভোর থেকে পরদিন বুধবার ভোর পর্যন্ত।

গঙ্গাসাগর উপলক্ষ্যে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন অতিরিক্ত ১২ টি EMU স্পেশাল ট্রেন চালাবে। শিয়ালদার DRM দীপক নিগম গতকাল সাংবাদিকদের জানান, আজ থেকেই মেলা উপলক্ষ্যে ট্রেন চালানো শুরু হবে। ১২ তারিখ থেকে বাড়বে ট্রেনের সংখ্যা। ভিড় সামাল দিতে শিয়ালদা এবং নামখানাতে একটি করে ফাঁকা রেক মজুত রাখা হচ্ছে। প্রয়োজনে তা' ব্যবহার করা হবে। খোলা হয়েছে অতিরিক্ত টিকিট কাউন্টারও।

বাইট-ডিআরএম

গঙ্গাসাগর মেলার জন্য পর্যাপ্ত নিরাপত্তার বন্দোবস্ত না করতে পারায় মোহনবাগান সুপার জায়ান্ট ও ইস্টবেঙ্গলের মধ্যে ISL-এর ফিরতি ডার্বি ম্যাচ, গুয়াহাটিতে হবে। আগামী শনিবার, যুবতারতী ক্রীড়াঙ্গনে খেলা হওয়ার কথা ছিল। প্রশাসনের তরফ থেকে

নিরাপত্তা দিতে না পারার কথা জানানোর পরই ম্যাচের স্থান পরিবর্তন করা হয়। গুয়াহাটির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক স্টেডিয়ামে ওই দিন খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

‘উৎসশ্রী বাংলা’ প্রকল্পে এখনও পর্যন্ত প্রশিক্ষণপ্রাপ্ত ১০ লক্ষ ছাত্র-ছাত্রী চাকরি পেয়েছেন বলে রাজ্য সরকার জানিয়েছে। আলিপুরের ধনধান্য অডিটোরিয়ামে গতকাল ‘স্টুডেন্ট উইক’-এর সমাপ্তি অনুষ্ঠানে যোগ দিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেন, সময়ের সঙ্গে তাল মিলিয়ে রাজ্য সরকার কৃত্রিম বৃদ্ধিমত্তা সহ বিভিন্ন বিষয়ে ছাত্র ছাত্রীদের প্রশিক্ষণ দেওয়ার উদ্যোগ নিয়েছে। উচ্চশিক্ষার জন্যে স্ট্যুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে সহজ শর্তে ঝুণ দেওয়া হচ্ছে বলেও তিনি জানান।

(বাইট - মুখ্যমন্ত্রী)

আজকের অনুষ্ঠান মৎস্য থেকে মুখ্যমন্ত্রী পাশাপাশি তিনি সন্তোষ ট্রফি জয়ী বাংলা দলের প্রতিটি খেলোয়াড়দের হাতে দুই লক্ষ টাকার চেক এবং পুলিশে ASI পদের জন্যে চাকরির নিয়োগ পত্র তুলে দেন।

বিনিয়োগ বৃদ্ধির সঙ্গে কর্মসংস্থানের লক্ষ্যে রাজ্য সরকার আরো বেশি করে ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পকে গুরুত্ব দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। আসন্ন বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের প্রস্তুতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল নবান্নে সংশ্লিষ্ট বিভিন্ন দণ্ডের আধিকারিক, সচিব, শিল্পপতিদের সঙ্গে বৈঠকে এই নির্দেশ দেন। দু-দিনের এই সম্মেলনের জন্যে তিনি এর আগে বিভিন্ন আধিকারিকদের যে দায়িত্ব দিয়েছিলেন তার অগ্রগতি'ও পর্যালোচনা করেন।

উল্লেখ্য, রাজ্য সরকারের উদ্যোগে আগামী পাঁচ ও ছয় ফেব্রুয়ারি বিশ্ব-বঙ্গ বাণিজ্য সম্মেলনের আয়োজন করা হয়েছে।

পুরুলিয়ার সিধো কানহো বিরসা বিশ্ববিদ্যালয়ে পূর্ব ভারতের প্রথম জ্যোতির্বিদ্যা পর্যবেক্ষণ কেন্দ্রের গতকাল উদ্বোধন হয়েছে। পুরুলিয়ার পাঞ্চেত পাহাড়ের উপর সত্যেন্দ্রনাথ বসু জাতীয় মৌল বিজ্ঞান কেন্দ্রের তরফে ২০১৪ সালে এই পর্যবেক্ষণ কেন্দ্রটি স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়। সেই মত কাজ শুরু হলেও করোনা অতিমারিয়া কারণে জন্য নির্মান কাজ ব্যাহত হয়। বর্তমানে মহাকাশ পরিদর্শনের জন্য এই কেন্দ্রে ১৪ ও ১২ ইঞ্জিনের দুটি টেলিস্কোপ স্থাপন করা হয়েছে।

কাঁথি সমবায় ব্যাংকের বোর্ড গঠন সহ নতুন চেয়ারম্যান নির্বাচন নিয়ে তৃণমূল কংগ্রেস বৈঠকে বসছে। দলের রাজ্য সভাপতি সুব্রত বক্তীর পৌরহিত্যে কলকাতায় প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে পূর্ব মেদিনীপুরের দলীয় বিধায়ক ও সাংগঠনিক জেলা সভাপতিদের উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, গত পনেরোই ডিসেম্বর এই সমবায় ব্যাংকের নির্বাচনে ১০৮টি আসনের মধ্যে তৃণমূল কংগ্রেস সমর্থিত প্রার্থীরা ১০১টি আসনে জয়ী হয়। বিজেপির দখলে যায় ৬টি আসন।

রাজ্য সরকার, বিভিন্ন সমবায় ব্যাংকে কত একাউন্ট রয়েছে তা বিস্তারিত জানতে চেয়েছে। গত বারো মাসে কতগুলি একাউন্টে কোনো লেনদেন হয়নি, আবার কোন অ্যাকাউন্টে বড় অঙ্কের টাকা লেনদেন হয়েছে, আগামী ১৫ই জানুয়ারির মধ্যে ব্যাঙ্কগুলিকে

তা জানাতে বলা হয়েছে। পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার সম্প্রতি এই বিষয়ে বৈঠক করেন। তারপরেই এই সিদ্ধান্ত। ব্যাংকের নিয়ম অনুযায়ী, অ্যাকাউন্টের কেওয়াইসি বাধ্যতামূলক করা হলেও কতগুলি একাউন্টে এখনও ওটা নেই রিপোর্টে সেই কথাও উল্লেখ করতে হবে।

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সম্প্রতি নবান্ন সভাঘরে প্রশাসনিক বৈঠকে বিভিন্ন সমবায় ব্যাংকে কালো টাকা লেনদেন হচ্ছে বলে অভিযোগ করেন।

ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রকের উদ্যোগে কলকাতায় শুরু হয়েছে সীমান্ত অঞ্চলের যুব সম্প্রদায়ের মত বিনিময় কর্মসূচি।

কলকাতা উত্তরের নেহরু যুব কেন্দ্রের উদ্যোগে অনুষ্ঠান চলবে ১২ তারিখ পর্যন্ত। রাজারহাটে এক্সটেনশন ট্রেনিং সেন্টারে আয়োজিত কর্মসূচিতে বিভিন্ন রাজ্যের ১৫ থেকে ২৯ বছর বয়সী ২৫ জন যুবক যুবতী এবং দুই সহযোগী অংশ নিয়েছেন।

সংগঠনের কলকাতা উত্তরের ডিস্ট্রিক্ট ইয়ুথ অফিসার প্রিয়াঙ্কা ঘোষ জানিয়েছেন, এই কর্মসূচির মূল উদ্দেশ্য হলো দেশের যুবসমাজকে জাতীয় ঐক্য ও সংহতির প্রতি সচেতন করা এবং ভিন্ন সংস্কৃতি ও ঐতিহ্যের প্রতি শ্রদ্ধাশীল করে তোলা।

(বাইট- প্রিয়াঙ্কা/ যুবকেন্দ্র)

প্রবীন লেখক, সাংবাদিক, চলচ্চিত্র প্রযোজক প্রীতিশ নন্দী প্রয়াত। বয়স হয়েছিল ৭৩ বছর। মুস্তিয়ে নিজ বাসভবনে গতকাল হৃদরোগে আক্রান্ত হয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। প্রেসিডেন্সি কলেজের ছাত্র প্রীতিশ, একাধিক সংবাদপত্রে লেখার পাশপাশি ইংরেজি কবিতার অন্তত ৪০টি বই প্রকাশ করেছেন। বাংলা, উর্দু, পাঞ্জাবি

কবিতা অনুবাদ করেছেন ইংরেজিতে। ‘সুর’, ‘কাঁটে’, ‘ঝংকার বিটস্’, ‘চামেলি’-র মতো সিনেমাগুলি তাঁর প্রযোজনা সংস্থার হাত ধরে মুক্তি পায়। মহারাষ্ট্র থেকে শিবসেনার রাজ্যসভার সাংসদও হয়েছিলেন। বহুমুখী প্রতিভার অধিকারী প্রীতিশ নন্দী, ১৯৯০-এর দশকে দূরদর্শনে দ্য প্রীতিশ নন্দী শো নামে একটি টক শোও হোস্ট করেছিলেন যেখানে তিনি নিয়মিত সেলিব্রিটিদের সাক্ষাৎকার নিতেন। পেয়েছেন পদ্মশ্রী সম্মানও

তাঁর প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন অভিনেতা অনুপম খের। সমাজমাধ্যমে এক বার্তায় তিনি লেখেন, তাঁর অভিনয় জীবনের শুরুর দিনগুলিতে বন্ধু হিসেবে পাশে ছিলেন প্রতিশ। তাঁর চলে যাওয়া এক অপূরনীয় ক্ষতি।

বাংলা আজ বিজয় হাজারে ট্রফি ক্রিকেটের প্রি-কোয়ার্টার ফাইনাল ম্যাচে হরিয়ানার বিরুদ্ধে খেলবে। গুজরাটের ভদোদরায় খেলা শুরু হবে সকাল ৯ টায়। বাংলা গ্রুপ লিগ পর্বে ৬ ম্যাচে ১৮ পয়েন্ট নিয়ে তাদের গ্রুপে দ্বিতীয় স্থানে শেষ করে। সরাসরি তারা কোয়ার্টার ফাইনালে পৌঁছতে পারেনি। হরিয়ানা ৭ ম্যাচে ২৪ পয়েন্ট নিয়ে তাদের গ্রুপে দ্বিতীয় স্থানে শেষ করে। সরাসরি কোয়ার্টার ফাইনালে পৌঁছতে তারাও ব্যর্থ হয়।